

জেলা পরিষদ

ময়মনসিংহ

www.zpmymensingh.org.bd

নম্বর-৪৬.৪২.৬১০০.০০০.০০২.২৬.০০০২.২৩-৪৬৭

তারিখ: ১৭ আষাঢ়, ১৪৩২
০১ জুলাই, ২০২৫

অকেজো গাড়ি নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, ময়মনসিংহ-এর মালিকানাধীন অকেজো ঘোষিত জিপ গাড়ি (ঢাকা মেট্রো-ঘ-১১-৫৫৩১) 'যেখানে যে অবস্থায় আছে' নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক/প্রতিষ্ঠান ও আত্মহী ক্রেতাদের নিকট থেকে সিলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে। সাপ্তাহিক ছুটি/সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন নিম্নবর্ণিত তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র বিক্রয় করা হবে।

- (ক) দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান : জেলা পরিষদ, ময়মনসিংহ এবং জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
(খ) নিম্নঘোষিত যেকোন পর্যায়ে প্রত্যাশিত দর পাওয়া গেলে পরবর্তী পর্যায়ে আর কোন সিডিউল বিক্রয় করা হবে না।
(গ) উল্লিখিত তারিখ ও সময়ে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।

নিলাম দরপত্র বিক্রয়ের তফসিল

ক্রম	নিলামকৃত গাড়ির বিবরণ	দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	দরপত্রের সাথে প্রদেয় অর্থ
০১	ঢাকা মেট্রো-ঘ-১১-৫৫৩১ নং জিপ গাড়ি, রং-সাদা, পাঁচ দরজা বিশিষ্ট (হার্ড জীপ টয়োটা মটর, জাপান-২০০৪)	১০০০/- (এক হাজার) টাকা	১০০% উদ্ধৃত দর + ১৫% ভ্যাট + ১০% আয়কর

নিলাম দরপত্র বিক্রয়ের ক্যালেন্ডার

পর্যায়	সিডিউল বিক্রির শেষ তারিখ	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম	১৬ জুলাই, ২০২৫; বিকাল: ৫.০০ টা	১৭ জুলাই, ২০২৫; বেলা: ১.০০ টা	১৭ জুলাই, ২০২৫; বেলা: ২.০০ টা
২য়	২৩ জুলাই, ২০২৫; বিকাল: ৫.০০ টা	২৪ জুলাই, ২০২৫; বেলা: ১.০০ টা	২৪ জুলাই, ২০২৫; বেলা: ২.০০ টা
৩য়	৩০ জুলাই, ২০২৫; বিকাল: ৫.০০ টা	৩১ জুলাই, ২০২৫; বেলা: ১.০০ টা	৩১ জুলাই, ২০২৫; বেলা: ২.০০ টা

বিজ্ঞপ্তির শর্তাবলি

- উদ্ধৃত দরের সাকুল্য টাকা প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- দর দাতাকে দাখিলকৃত দরের (বিধি মোতাবেক) ১৫% ভ্যাট ও ১০% আয়কর দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- দরপত্রে কোন অসঙ্গতি/অস্পষ্ট বা লিখার উপর কাটাকাটি, ঘষামাজা থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- সরেজমিন পরিদর্শন করে নিলাম দরপত্রে অংশগ্রহণ করতে হবে। পরবর্তীতে কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না। কার্যদেশপ্রাপ্ত দরদাতাকে ১৫ (পনের) দিনের মধ্যে গাড়িটি নিরাপদ দূরত্বে সরিয়ে নিতে হবে। বার্থ হলে উদ্ধৃত দরের সাকুল্য টাকা বাজেয়াপ্তসহ কার্যদেশ বাতিল বলে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মোঃ কবির হোসেন সরদার)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারঃ)

ফোন: ০২৯৯৬৬-৬৫৮৬৪ (অফিস)


ইমেইল: ceozpmym@gmail.com

নম্বর-৪৬.৪২.৬১০০.০০০.০০২.২৬.০০০২.২৩-৪৬৭(৫০)

তারিখ: ১৭ আষাঢ়, ১৪৩২
০১ জুলাই, ২০২৫

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
- প্রশাসক, জেলা পরিষদ, ময়মনসিংহ।
- জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- পুলিশ সুপার, ময়মনসিংহ।
- নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/গণপূর্ত বিভাগ/এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড/শিক্ষা প্রকৌশল/ডিপিএইচই/এইচইডি, ময়মনসিংহ।
- উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ।
- সদস্য (সকল) জেলা পরিষদ, ময়মনসিংহ।
- সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, ময়মনসিংহ।
- সম্পাদক, দৈনিক ইনকিলাব, ২/১, আর কে মিশন রোড, ঢাকা-১২০৩/দৈনিক স্বদেশ সংবাদ, ৪১ ছোট বাজার, ময়মনসিংহ। উল্লিখিত বিজ্ঞপ্তি আগামী ৩ জুলাই, ২০২৫ তারিখের মধ্যে আপনার পত্রিকায় (ভিতরের পাতায় ৩ (তিন) কলাম ৬ (ছয়) ইঞ্চি আকারে) প্রকাশ ও প্রচার করে ০২ (দুই) কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- নোটিশ বোর্ড, জেলা পরিষদ, ময়মনসিংহ।


(মোঃ কবির হোসেন সরদার)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারঃ)